রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২১, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সশস্ত্র বাহিনী বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩২/ ২১ আগস্ট ২০২৫

১। নং-০৬.০০.০০০০.০২২.৬৭.০০৩.২৫—মাননীয় প্রধান উপদেষ্টা প্রীত হয়ে প্রতিরক্ষা বাহিনীর সদস্যবৃন্দের জন্য (বেসামরিক কর্মকর্তা/কর্মচারী ব্যতীত) নিম্নরূপভাবে 'সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫' নামে একটি বেতন কমিটি গঠনের জন্য সদয় অনুমোদন প্রদান করেছেন :

ক। সভাপতি : লেঃ জেনারেল মোঃ ফয়জুর রহমান, বিএসপি, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, কিউএমজি, বাংলাদেশ সেনাবাহিনী, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

খ। সদস্য : (১) মেজর জেনারেল মোঃ নাসিম পারভেজ, বিএসপি,এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬।

(২) রিয়ার এডমিরাল মোঃ জহির উদ্দিন, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, সহকারী নৌবাহিনী প্রধান (লজিষ্টিকস্), নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

(৩) এয়ার ভাইস মার্শাল রুসাদ দীন আছাদ, জিডি (পি), সহকারী বিমান বাহিনী প্রধান (প্রশাসন), বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

(৪) ব্রিগেডিয়ার জেনারেল অং চ ছা মং, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক, সেনাসদর, এজি'র শাখা, বেতন, ভাতা এবং হিসাব পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।


মূল্য : টাকা ৮.০০

(৫) এয়ার কমডোর জামিল উদ্দিন আহম্মদ, ফিন্যান্স, পরিচালক অর্থ, অর্থ পরিদপ্তর, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

(৬) মিলিয়া শারমিন, যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

(৭) ক্যাপ্টেন মোঃ তৌহিদ সাগর, (এস), পিএসসি, বিএন, পরিচালক, বেতন, পেনশন ও হিসাব পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

গ। সদস্য সচিব : ব্রিগেডিয়ার জেনারেল নিশাদুল ইসলাম খান, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

২। উপরোক্ত কমিটির কার্যপরিধি (Terms of Reference) নিম্নরূপ হবে :

ক। কমিটি সশস্ত্র বাহিনীর আওতাভুক্ত (বেসামরিক কর্মকর্তা/কর্মচারী ব্যতীত) সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের (এমওডিসি এবং ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাসহ) বর্তমান বেতন-ভাতা, অবসরভাতা ও পারিবারিক অবসরভাতাসহ অন্যান্য সুবিধাদি পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবে :

(১) কর্মকর্তা-কর্মচারীদের জন্য একটি সময়োপযোগী ও যথোপযুক্ত বেতন কাঠামো নির্ধারণ।

(২) বিশেষায়িত (Specialised) চাকুরীধারীদের বেতন কাঠামো নির্ধারণ।

(৩) বেতন-ভাতার উপর আরোপযোগ্য কর (আয়কর) জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক সরাসরি পরিশোধ করার ক্ষেত্রে বেতন কাঠামো স্থিরীকরণ।

(৪) বেতন-বহির্ভূত অন্যান্য সুবিধাদি, যেমন- বাড়ি ভাড়া/চিকিৎসা/যাতায়াত/আপ্যায়ন/প্রেষণ/কার্যভার/মহার্ঘ/উৎসব এবং শ্রান্তিবিনোদন ইত্যাদি ভাতা নিরূপণ।

(৫) মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্য রেখে কর্মকর্তা-কর্মচারীদের বেতন সমন্বয়ের পদ্ধতি নিরূপণ।

(৬) যথোপযুক্ত/সময়োপযোগী পেনশনসহ অবসর সুবিধাদি নির্ধারণ।

(৭) কর্মকর্তা-কর্মচারীগণের কাজের মান নিরূপণ/মূল্যায়নপূর্বক বেতন-ভাতা কাঠামোয় প্রতিফলন।

(৮) সরাসরি সেবা (টেলিফোন, গাড়ি, মোবাইল ফোন ইত্যাদি) সংক্রান্ত প্রাধিকারসমূহ আর্থিক সুবিধায় নগদায়ন এবং রেশন সুবিধা যৌক্তিকীকরণ।

(৯) উচ্চতর গ্রেড ও ইনক্রিমেন্ট প্রাপ্তিতে বেতনক্রম নিরীক্ষাক্রমে কোনো অসংগতি পরিলক্ষিত হলে তা দূরীকরণের সুপারিশ প্রণয়ন।

(১০) বেতনক্রমের বিদ্যমান অসংগতি পুনঃপরীক্ষাপূর্বক বাহিনীসমূহের মধ্যে বিরাজমান বেতন-ভাতার বৈষম্য (যদি থাকে) দূরীকরণ।

খ। কমিটি বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে জীবনবেগী কর্মকর্তা ও কর্মচারীদের চাকরির বিষয়ে নিম্নবর্ণিত সুপারিশমালা প্রণয়ন করবে :

(১) পদমর্যাদা ও পদবিন্যাস নির্ধারণ।

(২) বিভিন্ন কর্মকর্তাদের নির্দিষ্ট গুচ্ছভুক্ত করার পদ্ধতি নিরূপণ।

(৩) উচ্চতর স্তরে পদায়ন করতে গিয়ে প্রতিযোগিতার সুযোগ নির্ধারণ।

(৪) জীবনবেগী চাকরিতে পদোন্নতির ক্ষেত্রে প্রশিক্ষণের অভিজ্ঞতার গুরুত্ব নিরূপণ।

গ। কমিটি সুপারিশ প্রণয়নকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে :

(১) পিতা-মাতাসহ অনূর্ধ্ব ছয় জনের একটি পরিবারের জীবন-যাত্রার ব্যয়।

(২) অনূর্ধ্ব দুই সন্তানের শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয়।

(৩) দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, সরকারের সম্পদ পরিস্থিতি, প্রশাসনিক ও নিরাপত্তা ব্যবস্থার জন্য সম্পদের প্রয়োজনীয়তা।

(৪) সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয়ের অবস্থা।

(৫) দারিদ্র নিরসনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সম্পদ যোগান ক্রমান্বয়ে স্বনির্ভরতা অর্জনের উপায়।

(৬) মেধাবী ও দক্ষ কর্মকর্তা নিয়োগ।

(৭) কর্মকর্তা-কর্মচারীগণের দক্ষতা ও কর্মোদ্যোগ বৃদ্ধি করে সেবার মান উন্নয়ন।

(৮) দেশের মৌলিক নীতিমালার সাথে প্রতিরক্ষা বাহিনীর বিশেষ সম্পর্ক।

(৯) জীবন যাত্রার ব্যয়ভার ও মান।

(১০) জাতীয় বেতন কমিশন, ২০২৫ এর প্রস্তাবিত স্কেলের সাথে ভারসাম্য রক্ষা।

(১১) মেধাবী ও দক্ষ কর্মকর্তা আকৃষ্ট করার প্রয়োজনীয়তা।

(১২) সশস্ত্র বাহিনীর অতীত কীর্তি ও ভাবমূর্তি।

(১৩) শান্তি ও যুদ্ধকালে দেশ ও জাতির প্রতি সশস্ত্র বাহিনীর সদস্যদের দায়িত্ব ও কর্তব্য।

(১৪) প্রশিক্ষণ ও চাকরিকালে সশস্ত্র বাহিনীর সদস্যদের বিপদ সংকুল অবস্থা, কঠোর পরিশ্রম ও ত্যাগী জীবন।

(১৫) পরিবার হতে বিচ্ছিন্ন থেকে জীবনের সর্বোৎকৃষ্ট সময় চাকরিতে ব্যয়।

(১৬) চাকরি জীবনে শারীরিক ও মানসিক যোগ্যতার আদর্শমান বজায় রাখা।

(১৭) দায়িত্ব কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদন করাণার্থে সার্বক্ষণিক (২৪ ঘন্টা) প্রস্তুত থাকা।

(১৮) তুলনামূলক কম দীর্ঘ চাকরির দরুন অল্প বয়সে চাকরি হতে অবসর গ্রহণ।

(১৯) যুদ্ধাবস্থা ছাড়াও যেকোনো দুর্যোগপূর্ণ অবস্থা মোকাবেলায় জীবনের ঝুঁকি নিয়ে কর্তব্য পালন।

৭। কমিটি সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে নিজস্ব নীতি ও পদ্ধতি অনুসরণ করবে। প্রয়োজনবোধে দেশের যে কোন সংস্থার কাছে যে কোন তথ্য চাইতে পারবে এবং যে কোন ব্যক্তি বা সংস্থার সহায়তা নিতে পারবে। এছাড়া, কমিটি প্রয়োজনবোধে তিন বাহিনীর জন্য পৃথক পৃথক তিনটি সাব-কমিটি গঠন করে তাদের সুপাারিশ বিবেচনা করতে পারবে এবং সশস্ত্র বাহিনীর যে কোন সদস্যকে প্রয়োজনে এই কমিটি/সাব-কমিটির সাথে সংযোজন করতে পারবে।

৮। অর্থ বিভাগ প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.০০০.১৬১.২২.০০০১.২৫.১১৪ তারিখ ২৭ জুলাই ২০২৫ এর মাধ্যমে গঠিত জাতীয় বেতন কমিশন, ২০২৫ এর সাথে সমন্বয় এবং নিবিড় যোগাযোগ রক্ষা করে কাজ করবে।

৯। কমিটি তাদের সুপারিশ পুস্তক আকারে ২৫ কপি ৩১ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে সশস্ত্র বাহিনী বিভাগে পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম কামরুল হাসান**
লেঃ জেনারেল
প্রিন্সিপাল স্টাফ অফিসার।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd